গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.৪৬.২৫৪.২০. ১০৩৭

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২১ খ্রিঃ

# সভার নোটিশ

আগামী ০৭.০৭.২০২১ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ টায় জেনারেল ম্যানেজার মহোদয়ের সভাপতিত্বে জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস কক্ষে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা উপ-কমিটির সভা অনুষ্ঠিত হবে।

০২। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬/৭/২১
(মো: আক্তার হোসেন)
সহকারী পরিচালক (প্রশাসন)

বিতরণঃ

০১। ইঞ্জিনিয়ারিং ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
০২। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৩। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র। ৬/৭/২
০৪। নির্বাহী প্রযোজক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৫। ঊর্ধ্বতন চিত্রগ্রাহক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৬। শিল্প নির্দেশক, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৭। সহকারী পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৮। জেনারেল ম্যানেজার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র (জেনারেল ম্যানেজার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। কার্যালয় নথি।

Office Order Document (Com-2)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং ১৫.৫৪.০০০০.০৪২.৪৩.২৫৬.২০. ১০৬৫

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২১ খ্রিঃ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা উপ-কমিটির সভার কার্যবিবরণী

তারিখঃ ০৭.০৭.২০২১।
স্থানঃ জেনারেল ম্যানেজার-এর কক্ষ।
সময়ঃ সকাল ১১.০০টা।
সভাপতিঃ জনাব নিতাই কুমার ভট্টাচার্য, জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। অত:পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ উপস্থিত সকলকে ২০২১-২০২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করেন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে কর্ম সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | ২০২০-২১ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন কাঠামো অনুযায়ী কার্যক্রম গ্রহণ | ক) ২০২১-২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামো অনুযায়ী লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>খ) শুদ্ধাচার বিষয়ে অনুষ্ঠান, স্পট/ফিলারসহ সৎ উপার্জন, ছেলে মেয়ের নৈতিকতা শিক্ষা ও খাদ্যে ভেজাল প্রতিরোধ বিষয়ে স্পট/ফিলার নিয়মিত প্রচার অব্যাহত রাখতে হবে। | শাখা প্রধান (সকল)/ কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ অধিবেশন নিয়ন্ত্রক |
| ০২. | পরিবেশ উন্নয়ন ও পরিস্কার-পরিচ্ছন্নতা | ক) কর্ম পরিবেশ উন্নয়নে অফিস ভবনসহ আঙ্গিনা ও আশপাশের এলাকায় পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) কোভিড ১৯ মোকাবেলায় যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ করে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)/ শাখা প্রধান (সকল) |
| ০৩. | অংশীজনের অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কাঠামোর লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করতে হবে | কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/ নির্বাহী প্রযোজক (বার্তা) |
| ০৪. | প্রশিক্ষণ আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার ও তথ্য অধিকার সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (অর্থ) |
| ০৫. | ক্রয় কার্যক্রম সম্পন্ন | ক) যথা সময়ে ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়নসহ ক্রয় কার্য সম্পাদন করতে হবে।<br>খ) যথাসময়ে ক্রয় কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভা আহ্বান করে ক্রয়ের বাস্তবচিত্র সভায় উপস্থাপন ও সংশ্লিষ্ট শাখা থেকে ক্রয় কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি সংগ্রহ করে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ইঞ্জিনিয়ারিং ম্যানেজার/ সহকারী পরিচালক (প্রশাসন)/ শিল্প নির্দেশক/ সহকারী পরিচালক (অর্থ) |

| ক্রঃ নং | বিষয় | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৬. | লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | শাখা প্রধান (সকল)<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৭. | অভিযোগ বাক্স | নৈতিকতা উপ-কমিটি ও উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের সম্মুখে চট্টগ্রাম কেন্দ্রের অভ্যন্তরে সংস্থাপিত ০৪ (চার)টি অভিযোগ বাক্স খোলা হয়। অভিযোগ বাক্স হতে কয়েকটি লিখিত অভিযোগ পাওয়া যায়। এর মধ্যে শিল্পীদের গ্রেডেশন সংক্রান্ত অভিযোগসহ বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানের বিষয়ে প্রশংসাসূচক পত্রও পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে গ্রেডেশন সংক্রান্ত অভিযোগের বিষয়ে একটি অনুসন্ধানী কমিটি গঠনের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহীত হয়। | শাখা প্রধান (সকল)<br>সহকারী পরিচালক (প্রশাসন) |

০২। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কোভিড ১৯ পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/৭/২১
(নিতাই কুমার ভট্টাচার্য)
জেনারেল ম্যানেজার

বিতরণ:

০১। নৈতিকতা উপ-কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০৩। কার্যালয় নথি।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।